গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

শাল্লা উপজেলা পরিষদের জুন-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ৩০/০৬/২০২২ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরুপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: অনুপস্থিত<br>সিদ্ধান্ত: সাধারন সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা প্রতিনিধি সভায় জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম ভালোভাবেই চলছে।<br>সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা প্রকৌশলী: উপজেলা সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ( এডিপি) এর কাজ এবং অন্যান্য কাজগুলো সুষ্ঠভাবে সমাপ্ত হয়েছে।<br>সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কার্যক্রম গতিশীল করা এবং বিভিন্ন উন্নয়ন কাজগুলো সুষ্ঠ ও সুন্দর ভাবে বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা |
| | প্রাণিসম্পদ বিভাগ: অনুপস্থিত<br>সিদ্ধান্ত: সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিপ-২ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসুচির আওতায় ৪০০ জন কৃষককে বিনা মূল্যে সার ও বীজ দেওয়া হবে। ইতিমধ্যে তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর চিঠি প্রেরণ করা হয়েছে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের তালিকায় অন্তর্ভুক্তির জন্য সভাকে অবহিত করা হয় এবং সেই সাথে বন্যায় যে সমস্ত কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের নাম অন্তর্ভুক্ত করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকায় অন্তর্ভুক্তির জন্য সভাকে অনুরোধ জানানো হয়। | |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা সহকারী শিক্ষা অফিসার জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, আরও জানান যে, ৫৮ টি বিদ্যালয় বন্যার সময় আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার করা হচ্ছে। বন্যার কারণে পাঠদান কার্যক্রম আপদত বন্ধ রয়েছে। আর অনেক বিদ্যালয় বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে।<br>সিদ্ধান্ত: বন্যার কারণে ক্ষতিগ্রস্ত বিদ্যালয় গুলো দ্রুত মেরামতের জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: একাডেমিক সুপার ভাইজার জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, আপাতত কোন সমস্যা নাই।<br>সিদ্ধান্ত: মাধ্যমিক বিভাগের কার্য্যক্রম আরো গতিশীল করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: অনুপস্থিত।<br>সিদ্ধান্ত: সাধারণসভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে।<br>সিদ্ধান্ত: মৎস্য বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কিস্তির সকল ভাতাভোগীদরে অর্থ তাদের বিকাশ একাউন্টে জিটুপি তে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা সমাজ কল্যান কমিটির মাধ্যমে ৬৮ জন রোগীকে নগদ আর্থিক সহায়তা প্রদান করা হয়। ২৫ জন রোগীকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়।<br>সিদ্ধান্ত:উপজেলা সমাজকল্যান কমিটির মাধ্যমে দু:স্থ ও অসহায় রোগীদের নগদ সহায়তা প্রদান এবং গুরুত্বপুর্ন রোগী নির্বাচনের নির্দেশনা প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বন্যার কারণে সরকারি ভাবে ১১০ মে:ট: চাল বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান যে, জি আর ক্যাশ ৪ (চার) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং সরকারী/বেসরকারীভাবে পর্যাপ্ত ত্রাণ সহায়তা করা হয়েছে। বন্যার কারণে রাস্তা ঘাটের প্রায় ৫০% ক্ষয়ক্ষতি হয়েছে।<br>সিদ্ধান্ত: ১১০ মে: ট: চাল বিতরণ সম্মন্ন হয়েছে। জিআরক্যাশের টাকা দিয়ে ডাল ও আলু বিতরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শাল্লা |
| | উপজেলা খাদ্য বিভাগ:উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, চলমান বোরো ধান ও চাল সংগ্রহ কার্য্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, শাল্লা উপজেলায় বোরো ধান সংগ্রহের লক্ষমাত্রা ৩০৪০.০০০ মে:টন এবং আতপ চাল সংগ্রহের লক্ষমাত্রা ১৫৭.০০০ মে:টন।<br>সিদ্ধান্ত: ধান সংগ্রহ কার্য্যক্রম তরান্বিত করার জন্য খাদ্য বিভাগ, কৃষি বিভাগ ও নির্বাচিত জনপ্রতিনিধিগেণকে সার্বিক সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে।<br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্য্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। তিনি আরো জানান যে, আগাম বন্যার জন্য পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট প্রচুর পরিমানে মজুদ আছে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কাযক্রম আরোও গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | পল্লী সঞ্চয় ব্যাংক: পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, বাংলাদেশ সরকারের এজেন্ডা বাস্তবায়নের জন্য পিছিয়ে পড়া মানুষকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যম সমিতির সদস্যদের মধ্যে স্বল্প সুদে ঋণ বিতরণ করা হয়।<br><br>সিদ্ধান্ত: ঋণ আদায়ের হার বাড়ানো এবং মোট ঋণ খেলাপির হার কমিয়ে আনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক |
| | পল্লী উন্নয়ন বিভাগ: পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তাদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সমিতি গঠন, সঞ্চয়, আদায়, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। জোড়াবাড়ি মেরামত বাবদ প্রাক্কলন উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত হয়েছে। সেই মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ শ্রীঘ্রই শুরু করা হবে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১- ৩৫১(১)

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯ বাংলা
৩০ জুন ২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মাননীয় সংসদ সদস্য, ২২৫, সুনামগঞ্জ-০২
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৭. অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৮. দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৯. সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১০. উপজেলা -------------------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ
১১. চেয়ারম্যান………………..(সকল) ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ
১২. জনাব ---------------------------------- সদস্য

মোঃ আবু তালেব
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ